



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ২১২/টাথ/১৬১

তারিখ : ২৫/০৫/১৬

## অফিস আদেশ

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রথম স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৪/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৯৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বালিয়াপাড়া উচ্চ বিদ্যালয়-টি মৌলিক শর্তাবলী পূরণ করায় নিম্নলিখিত প্রচলিত সাধারণ শর্তে বিদ্যালয়টিকে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত মোট ৫ (পাঁচ) বছরের জন্য অস্থায়ীভাবে নিম্ন মাধ্যমিক প্রথম স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো।

### শর্তসমূহ

- ১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- ৩। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষক/শিক্ষিকাকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা প্রস্তুত করে শ্রেণী কক্ষে পাঠদান দিতে হবে।
- ৪। বিদ্যালয়ের লেখা-পড়ার পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- ৫। জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে।
- ৬। বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষ রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৭। সরকারী নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না।
- ৮। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৯। বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাতাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।

চেয়ারম্যানের মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর প্রীতীশকুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

বালিয়াপাড়া উচ্চ বিদ্যালয়

পোঃ- মাকোরকোল, উপজেলা- সদর

জেলা- টাঙ্গাইল।

মেমো নং- ১৬১(১৬)

তারিখ : ১৫/০৫/১৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, টাঙ্গাইল।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৬। সভাপতি, নির্বাহী কমিটি, বালিয়াপাড়া উচ্চ বিদ্যালয়।
- ৭। অফিস কপি।

১৫/০৫/১৬

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

১৫/০৫/১৬